



একটি ত্রৈমাসিক পোল্ট্রি নিউজলেটার ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখা (WPSA-BB)

WPSA-BB ত্রৈমাসিক নিউজলেটার

৪র্থ বর্ষ

১ম সংখ্যা

মার্চ ২০১৪ খ্রিঃ

ওয়েব : www.wpsa-bb.com

এ সংখ্যায় থাকছে

- ১। সম্পাদকীয়: পৃষ্ঠা ২
- ২। প্রবন্ধ/নিবন্ধ: পৃষ্ঠা ২-৬
- ৩। WPSA-BB বার্তা: পৃষ্ঠা ৭
- ৪। WPSA ওয়ার্ল্ডওয়াইড আগাম বার্তা: পৃষ্ঠা ৮

সম্পাদকীয় উপদেষ্টামন্ডলী

মসিউর রহমান, সভাপতি- WPSA-BB
মোঃ রফিকুল হক, সম্পাদক- WPSA-BB
মোঃ আব্দুর রাজ্জাক মিয়া, প্রাক্তন সভাপতি- WPSA-BB

সম্পাদক

প্রফেসর ড. এস. ডি. চৌধুরী, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ই-মেইলঃ drsdchow@gmail.com

সম্পাদনা পরিষদ সদস্যবৃন্দ

ডাঃ মোঃ কামরুজ্জামান, যুগ্ম- সম্পাদক- WPSA-BB
ডাঃ এসএমএফবি আব্দুস সবুর, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ড. মোঃ ইলিয়াস হোসেন, সদস্য- WPSA-BB

সার্বিক সহযোগিতা

WPSA-BB সচিবালয়
মেগা ডমিসাইল, ফ্ল্যাট বি-৬, প্লট-৯১, রোড-৪, ব্লক-বি
নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
ফোন : ৮৮৩২২৩৮, মোবাইল : ০১৭১১৩৭১০১৯
ফ্যাক্স : ৮৮৩২২৩৭
ই-মেইল : info@wpsa-bb.com
ওয়েব : www.wpsa-bb.com

Our Experience. Your Success.



Distributor
Inter Agro BD Ltd.
Road # 29, House # 396, Flat # A4
New DOHS, Mohakhali, Dhaka-1206.
Tel : + 88 02 8750747, Fax : + 88 02 8818532
Mob : + 88 01711 592002

For more product information visit : www.ctbworld.com

সভাপতির বাণী



এটা অত্যন্ত আনন্দের বিষয় যে, ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখা কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক 'WPSA-BB নিউজলেটার' নিয়মিত ও নির্ধারিত সময়ে প্রকাশিত হচ্ছে। চতুর্থ বর্ষের ১ম সংখ্যা সম্পাদনায় সম্পৃক্তদের জানাচ্ছি আন্তরিক অভিনন্দন, ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

প্রিয় পাঠক, সাম্প্রতিক সময়ের রাজনৈতিক অস্থিতিশীলতায় বাংলাদেশের প্রাণীজ প্রোডিনের অন্যতম উৎস পোল্ট্রি খাতটি সর্বকালের ভয়াবহতম হুমকির মুখে পড়েছে। সংকট উত্তরণে 'বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ কো-অর্ডিনেশন কমিটি' সেক্টর সংশ্লিষ্টদের নিয়ে 'মিট দ্যা প্রেস', 'স্মারকলিপি' পেশ ও 'Save the Chicken' মানব বন্ধন বন্ধন কর্মসূচী পালন করে এ সেক্টরের ক্ষতিসমূহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করেছে। পালিত কর্মসূচীতে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি ও তৃণমূল খামারীদের সম্পৃক্ত করে রাজনৈতিক অস্থিরতার কারণে বন্ধ হয়ে যাওয়া খামার পুনরায় চালুর জন্য আর্থিক সহায়তা, পোল্ট্রি সেক্টরে স্বাভাবিক গতি ফিরিয়ে আনতে আর্থিক প্রণোদনা দানের মাধ্যমে তা পুষিয়ে দেয়ার জন্য সরকারের তড়িৎ সহায়তার জন্য আবেদন করেছেন। নীতি নির্ধারকদের দৃষ্টি আকর্ষণ করতে পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়েছে। ঋণের দায়ে পথে বসতে চলেছে এমন ডিম ও মাংস উৎপাদনকারি পোল্ট্রি খামারি এবং ব্রিডার্স, ফিড প্রস্তুতকারক, ওষুধ প্রস্তুতকারক ও বিপণনকারিসহ পোল্ট্রি খাতের অপরপর সহযোগি প্রতিষ্ঠানগুলোর ব্যাংক ঋণ পুনঃতফসিল করা সহ সুদ সম্পূর্ণরূপে মওকুফ করার জোর দাবী জানানো হয়েছে। তাছাড়া বাংলাদেশের ব্যবসায়ীদের সর্ববৃহৎ সংগঠন 'এফবিসিসিআই' কর্তৃক আয়োজিত 'সংঘাত, প্রাণহানি, শিল্প-বাণিজ্য ধ্বংসের পথ পরিহার করে শান্তির স্বপক্ষে দেশের ব্যবসায়ী সমাজের সাদা পতাকা প্রতিবাদসহ মানব বন্ধন কর্মসূচিতে অংশ গ্রহণ করে তারা কর্মসূচির সাথে একাত্মতা প্রকাশ করেছেন। আমরা আশা করবো বর্তমান পোল্ট্রি বান্ধব সদাশয় সরকার পোল্ট্রি শিল্পের ক্ষতি পুষিয়ে দিয়ে এ শিল্পের ঐতিহ্য পুনরুদ্ধারে প্রত্যাশিত প্রনোদনাসহ অন্যান্য দাবী-দাওয়া পূরণে আন্তরিক হবেন। আর এরই মাধ্যমে বাংলাদেশের সবচেয়ে সস্তা প্রোডিনের একমাত্র মাধ্যমটিকে টিকিয়ে রেখে সরকার সহায়ক ভূমিকা পালন করবেন।

সুপ্রিয় পাঠক; গত সংখ্যায় আমি এভিয়ান ইনফ্লুয়েঞ্জা প্রতিষেধক ও বায়োসিকিউরিটি নিশ্চিত করার বিষয়টি আলোকপাত করেছি। এভিয়ান ইনফ্লুয়েঞ্জা প্রতিরোধে সঠিক প্রতিষেধক নির্বাচনে সঠিক ও দীর্ঘ মেয়াদী পদক্ষেপ গ্রহণের অংশ হিসেবে কারিগরি দিকগুলো পর্যালোচনার জন্য বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠনের প্রয়োজনীয়তা অনুভব করছি। কারিগরি কমিটির সুপারিশক্রমে প্রয়োজনে সেমিনার আয়োজন করা যেতে পারে। এ ক্ষেত্রে বিদেশী বিশেষজ্ঞদেরও আমন্ত্রণ জানানো যেতে পারে।

সম্মানিত পাঠকবৃন্দ; পাঠকের ভালবাসা, সম্মানিত লেখকদের আন্তরিকতা, বিজ্ঞাপনদাতা, শুভানুধ্যায়ী এবং WPSA-BB-এর সম্মানিত সদস্যদের সহযোগিতা আমাদের সবসময় কাম্য 'WPSA-BB নিউজলেটার' এর সার্বিক মান উন্নয়নে আপনাদের নতুন নতুন ধারণা, গঠনমূলক সমালোচনা ও পরামর্শ কামনা করছি। সবাইকে আবারো শুভেচ্ছা।

মসিউর রহমান

সভাপতি, WPSA-BB

